গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
www.habiganjsadar.habiganj.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৩৬৪৪.০০১.০৮.০১০.২০২২- ১১৬ তারিখঃ ১০ ফেব্রুয়ারি ২০২২

বিষয় ঃ **উপজেলা আইন- শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠান প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ সদর উপজেলার ফেব্রুয়ারি, ২০২২ মাসের উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা আগামী ১৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১:০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় মাননীয় সংসদ সদস্য, এডভোকেট মোঃ আবু জাহির মহোদয় উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

উক্ত সভায় যথা সময়ে উপস্থিত হয়ে সভার কার্যক্রমে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। সভার কার্যপত্র আগামী ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখের মধ্যে এ কার্যালয়ে হার্ডকপি ও সফটকপি ই-মেইলে (unohabiganj@mopa.gov.bd) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১০.০২.২০২২
বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
unohabiganj@mopa.gov.bd

বিতরণ ঃ

০১। সহকারী কমিশনার (ভূমি),. হবিগঞ্জ সদর
০২। উপজেলা -- অফিসার (সকল), হবিগঞ্জ সদর
০৩। অফিসার ইনচার্জ, সদর মডেল থানা, হবিগঞ্জ
০৪। চেয়ারম্যান -- ইউনিয়ন পরিষদ (সকল), হবিগঞ্জ সদর
০৫। জনাব ---

অনুলিপি সদয় অবগতি/ কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-০৩
০২। জেলা প্রশাসক, হবিগঞ্জ
০৩। পুলিশ সুপার, হবিগঞ্জ
০৪। অধিনায়ক, র‌্যাব, হবিগঞ্জ (তাঁর একজন প্রতিনিধি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৬। নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড,হবিগঞ্জ (তাঁর একজন প্রতিনিধি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)
০৭। জেনারেল ম্যানেজার, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ (তাঁর একজন প্রতিনিধি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)
০৮। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

১০-০২-২০২২
বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
unohabiganj@mopa.gov.bd

হবিগঞ্জ সদর উপজেলার আইন-শৃঙ্খলা কমিটির ফেব্রুয়ারি,২০২২ মাসের সভার কার্যবিবরণী:

সভাপতি : বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

সভার তারিখ : ১৭ ফেব্রুয়ারি ২০২২, সময় : বেলা ১১:০০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ

সভার হাজিরা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতেই কমিটির সম্মানীত উপদেষ্টা মাননীয় সংসদ সদস্য,এডভোকেট মো: আবু জাহির মহোদয় এবং চেয়ারম্যান, উপজেলা পরিষদ জনাব মোতাচ্ছিরুল ইসলামসহ অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ফেব্রুয়ারি মাস ভাষার মাস। একুশের সকল ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপনপূর্বক তাঁদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করা হয়। পরে নিম্নে বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ	বিগত ১৭.০১.২০২২ খ্রি: তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়।	কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০২	সার্বিক আইন-শৃঙ্খলা	(১) উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর বলেন, করোনা পরিস্থিতির কারণে বিদ্যালয়সমূহ বন্ধ থাকায় কয়েকটি বিদ্যালয়ে চুরির ঘটনা ঘটেছে বিধায় থানায় জিডি করা হয়েছে। এ ব্যাপারে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রস্তাব করেন।	(১) বিদ্যালয়ে চুরির ঘটনায় আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		(২) উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার, হবিগঞ্জ সদর বলেন, এ উপজেলায় করোনা টিকার লক্ষ্যমাত্রা ছিল ৭০%। তন্মধ্যে অর্জিত হয়েছে ৬৬%। অনেকেই টিকা গ্রহণ করেন নি। আগামী ২৬ ফেব্রুয়ারি,২০২২ তারিখ সারা দেশে ১ম ডোজের ১ কোটি টিকা প্রদান করা হবে। ঐদিন প্রতিটি ইউনিয়নে ৯০০ জনকে টিকা প্রদানের কর্মসূচি গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচি বাস্তবায়নে তালিকা করে প্রেরণ করা এবং টিকা প্রদানের সহযোগিতা করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এ প্রসঙ্গে সভাপতি বলেন, প্রতিটি ওয়ার্ড মেম্বারের মাধ্যমে ১০০জন করে টিকা গ্রহণকারীর তালিকা সংগ্রহ করে ২২ ফেব্রুয়ারির মধ্যে প্রেরণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জ্ঞাপন করেন।	(২) সরকারী নির্দেশনা মোতাবেক ২৬ ফেব্রুয়ারি,২০২২ তারিখ ১ কোটি ব্যক্তিকে ১ম ডোজ টিকা প্রদানের লক্ষ্যে ওয়ার্ড মেম্বারদের মাধ্যমে ওয়ার্ড প্রতি ১০০ জন নারী/পুরুষের তালিকা সংগ্রহ করে উপজেলা নির্বাহী অফিসারের নিকট ২২ ফেব্রুয়ারি, ২০২২ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয় ও টিকা প্রদানের বিষয়ে মাইকিং করার এবং টিকা প্রদানে সার্বিক সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপি চেয়ারম্যান (সকল),হবিগঞ্জ সদর
		(৩) জনাব মো: আকরাম আলী, সদস্য, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, হবিগঞ্জ সদর বলেন, ইদানিং গরু চুরির প্রবনতা বৃদ্ধি পেয়েছে। তিনি আরও বলেন,হবিগঞ্জ সদর উপজেলার লোকড়া হতে মাদনা যাওয়ার রাস্তায় হবিগঞ্জ সদর ও লাখাই সীমানার মধ্যবর্তী স্থানে পর পর ৩দিন যাত্রীবাহী টমটম/সিএনজি গাড়িতে ডাকাতিসহ লুটতরাজ হয়েছে। উক্ত রাস্তায় পুলিশ টহল বৃদ্ধি ও ডাকাতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি প্রস্তাব করেন।	(৩) গরু চোর ও ডাকাতির ঘটনার সাথে জড়িতদের বিরুদ্ধে তদন্তক্রমে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা

		(৪) জনাব আব্দুর রহমান, সদস্য, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, হবিগঞ্জ সদর বলেন, বর্তমানে চুরির প্রবনতা বৃদ্ধি পেয়েছে। মূলত: জুয়া খেলার সাথে চুরি,ডাকাতি জড়িত। জুয়া খেলায় টাকা খুইয়ে রাতের বেলায় জুয়ারিরা রাস্তায় চুরি/ডাকাতি করে থাকে। তিনি বলেন, লোকড়া ইউনিয়নের ভাটি অঞ্চল যাদবপুর নামক স্থানে হাওরে রাতে প্রকাশ্যে জুয়ার আসর বসে। জুয়া খেলার বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপ গ্রহণ করার প্রস্তাব করেন। (৫) জনাব মো: কায়সার রহমান, চেয়ারম্যান, ১ নং লোকড়া ইউপি বলেন, তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।	(৪) চোর/ডাকাত ও জুয়ারিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		(৬) জনাব আব্দুর রহিম, চেয়ারম্যান, ২ নং রিচি ইউপি বলেন, ইদানিং বানিয়াচং উপজেলার সীমান্তে সদর উপজেলার নছরতপুর এলাকায় গরু চুরি বৃদ্ধি পেয়েছে। এব্যাপারে পুলিশী টহল জোরদার করার জন্য তিনি প্রস্তাব করেন। (৭) জনাব মো: বদরুল করিম দুলাল, চেয়ারম্যান, ৬ নং রাজিউড়া ইউপি বলেন, তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তিনি ২৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখের গণটিকা কার্যক্রম বাস্তবায়নে যথাযথ সহযোগিতা প্রদানের আশ্বাস প্রদান করেন।	(৬) গরু চোরদের বিরুদ্ধে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		(৮) জনাব মো: তাজ উদ্দিন, চেয়ারম্যান, ৯ নং নিজামপুর ইউপি বলেন, তার ইউনিয়নের সৈয়দপুর-ফকিরাবাদ নামক স্থানে চারা জমিতে দিনের বেলায় জুয়ার আসর বসে। উক্ত স্থানে পুলিশ টহলের জন্য তিনি প্রস্তাব করেন।	(৮)জুয়ারিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		(৯) জনাব মো: মাসুক আলী, ওসি, হবিগঞ্জ সদর মডেল থানা বলেন, জানুয়ারি, ২০২২ মাসে থানায় খুন-১, ধর্ষণ-২, চুরি-২, মাদক আইনে ২, অন্যান্য ১১সহ মোট ১৮টি মামলা রুজু হয়েছে। ১৫৩ জনের নামীয় গ্রেফতারি পরোয়ানা নিস্পত্তি হয়েছে এবং সাজাপ্রাপ্ত ১৭জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তিনি আরও বলেন, লোকড়া ইউনিয়নের ফান্দ্রাইল গ্রামে ১ ব্যক্তি খুনের ঘটনায় মামলা হয়েছে। পুলিশের টহল অব্যাহত আছে, উক্ত গ্রামের বর্তমান পরিস্থিতি ভালো। তিনি বলেন, জুয়া রোধে প্রতিদিনই অভিযান পরিচালিত হচ্ছে। জুয়ার আসরের অবস্থান সম্পর্কে প্রত্যেক ওয়ার্ড মেম্বারদের মাধ্যমে থানাকে অবহিত করলে ব্যবস্থা গ্রহণের আশ্বাস প্রদান করেন।	(৯) হবিগঞ্জ সদর উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখা ও চুরি, ডাকাতি, মদ, গাঁজা ও জুয়াসহ বিভিন্ন অপরাধীদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা

		(১০) জনাব ফেরদৌস আরা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর ২৬ ফেব্রুয়ারি,২০২২ গণটিকা প্রদান কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন।		
		(১১) জনাব মাহবুবুর রহমান আউয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, হবিগঞ্জ পৌরসভার শ্যামলীতে ১টি মসজিদে আহলে হাদিস নামীয় কিছু লোক বাংলায় খুৎবা পড়ে এবং ইচ্ছামত আযান দিয়ে ইচ্ছামত কার্যক্রম পরিচালনা করছে। তাদের এহেন কার্যকলাপে ধর্মপ্রাণ মুসল্লিদের মধ্যে বিরুপ প্রতিক্রিয়া সৃষ্টি হচ্ছে। ফলে আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিঘ্ন ঘটার আশঙ্কা রয়েছে। এ বিষয়ে তিনি অফিসার ইনচার্জ এর দৃষ্টি আকর্ষণ করেন।	(১১) এ বিষয়ে আইন-শৃঙ্খলা পরিস্থিতির যাতে বিঘ্ন না ঘটে সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		(১২) জনাব মোতাচ্ছিরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, একে অপরের সহযোগিতার মাধ্যমে ও সকলের সমন্বয়ের মাধ্যমে উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো রাখা সম্ভব। তিনি বলেন, শহরের মেইন রোড প্রশস্থ করার পরও যানজট হ্রাস পায়নি, বরং বৃদ্ধি পেয়েছে। শহরের সওদাগর মসজিদ এলাকায় রাস্তার উপর বালু,মাটি রেখে প্রতিবন্ধকতায় যানজটের সৃষ্টি হয়। টমটম যেখানে সেখানে থামিয়ে যাত্রী উঠানামা করার ফলে যানজট তৈরী হচ্ছে। যানজট নিরসনে সিএনজি ও টমটম ষ্টেশনে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য তিনি প্রস্তাব করেন।	(১২) শহরের প্রধান রাস্তার উপর প্রতিবন্ধকতা সৃষ্টিকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী কমিশনার (ভূমি), হবিগঞ্জ সদর/ অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		(১৩) মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩ বলেন, প্রত্যেক ইউনিয়নে আইন-শৃঙ্খলা কমিটির রয়েছে, নিয়মিত আইন-শৃঙ্খলা কমিটির সভা করলে অনেক সমস্যার সমাধান হবে। তিনি বলেন, ইউনিয়নের জনপ্রতিনিধিগণ দায়িত্ব নিলে ২৬ তারিখের টিকাদান কর্মসূচি সফল হবে। তিনি বলেন, টিকাদান কেন্দ্রগুলো নির্ধারণ করে সকল ওয়ার্ডে জানিয়ে দিলে সবাই সহজে টিকা দিতে পারবে।	১৩(ক) নিয়মিত ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা করে কার্য বিবরণী উপজেলায় প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। ১৩(খ) ২৬ ফেব্রুয়ারি গণটিকা প্রদানের কর্মসূচি সফল করার লক্ষ্যে স্বস্ব এলাকায় মাইকিং করে প্রচার করার সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান,ইউপি (সকল),হবিগঞ্জ সদর ইউপি চেয়ারম্যান (সকল), হবিগঞ্জ সদর
		চুরি/ডাকাতি রোধকল্পে প্রতিষ্ঠানসমূহের নাইটগার্ড অবস্থান করছে কিনা;পুলিশ বাহিনী নজর রাখলে এবং সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে আলোচনা করলে কর্মতৎপরতা বৃদ্ধি পাবে এবং পুলিশের দায়িত্ব পালনে সহযোগিতা বাড়বে ও চুরি/ডাকাতি লাঘব হবে। যে সকল স্থানে জুয়ার আসর বসে সে সকল স্থানে অভিযান চালিয়ে জুয়ারিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১৩(গ) যে সকল স্থানে জুয়ার আসর বসে সে সকল স্থানে অভিযান চালিয়ে জুয়ারিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ,হবিগঞ্জ সদর মডেল থানা

		জেলা/উপজেলা/ইউনিয়নের রাস্তা দখল করে যারা অবৈধ স্থাপনা নির্মাণ করে রাস্তার উপর প্রতিবন্ধকতা সৃষ্টি করে যানজট নিরসনের লক্ষ্যে তাদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য তিনি পরামর্শ প্রদান করেন।	১৩(ঘ) জেলা/উপজেলা/ইউনিয়নের রাস্তা দখল করে অবৈধ স্থাপনা নির্মাণকারী এবং রাস্তার উপর প্রতিবন্ধকতা সৃষ্টিকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী কমিশনার (ভূমি), হবিগঞ্জ সদর/ অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		(১৪) সভাপতি বলেন, কোভিড-১৯ মোকাবেলায় ২৬ ফেব্রুয়ারি ১ম ডোজের গণটিকা প্রদান করা হবে। উক্ত কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডে ১০০ লোকের তালিকা করে ২২ ফেব্রুয়ারির মধ্যে প্রেরণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সকলের সহযোগিতা কামনা করেন। নিয়মিতভাবে প্রতিটি সভায় উপস্থিত থেকে পরামর্শ প্রদানের জন্য সম্মানিত উপদেষ্টা মহোদয়গণকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি আইন-শৃঙ্খলাসহ সার্বিক বিষয়ে সকলের সহযোগিতা নিয়ে হবিগঞ্জ সদর উপজেলাকে একটি মডেল উপজেলা হিসেবে গঠনের প্রত্যয় ব্যক্ত করেন।	১৪(ক) সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বারের মাধ্যমে ওয়ার্ড প্রতি ১০০ জনের তালিকা করে উপজেলায় প্রেরণ করার এবং টিকা প্রদানের বিষয়ে মাইকিং এর মাধ্যমে প্রচারণার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপি চেয়ারম্যান (সকল), হবিগঞ্জ সদর
		তিনি গ্রাম আদালতের জানুয়ারি, ২০২২ মাসের মামলার তথ্য নিম্নে ছক মোতাবেক উপস্থাপন করেন। এতে দেখা যায়, লুকড়া ইউনিয়নে ০২, রিচি ইউনিয়নে ১১, তেঘরিয়া ইউনিয়নে ১০, পৈল ইউনিয়নে ০৫, গোপায়া ইউনিয়নে ০৭, রাজিউড়া ইউনিয়নে ০৫ ও লস্করপুর ইউনিয়নে ০২ সর্বমোট ৪২টি মামলা অনিস্পন্ন অবস্থায় আছে।	১৪(খ) অনিস্পন্ন মামলাগুলো বিধি মোতাবেক দ্রুত নিস্পত্তি করার কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপি চেয়ারম্যান (সকল), হবিগঞ্জ সদর

ছক

ইউনিয়নের নাম	গ্রাম আদালতের মোট সংখ্যা	পূর্ববর্তী মাসের মামলার জের	বিবেচ্য মাসে দায়ের কৃত মামলার সংখ্যা	মোট মামলার সংখ্যা	বিবেচ্য মাসে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা	অনিস্পন্ন মামলার সংখ্যা	মন্তব্য
লুকড়া	০১	০২	-	০২	-	০২	
রিচি	০১	১১	-	১১	-	১১	
তেঘরিয়া	০১	১০	-	১০	-	১০	
পৈল	০১	০৫	-	০৫	-	০৫	
গোপায়া	০১	০৭	-	০৭	-	০৭	
রাজিউড়া	০১	০৫	-	০৫	-	০৫	
নিজামপুর	০১	-	-	-	-	-	
লস্করপুর	০১	০২	-	০২	-	০২	
মোট =	০৮	৪২	-	৪২	-	৪২	

সভায় অন্য কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭.০২.২০২২

বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

স্মারক নং-০৫.৪৬.৩৬৪৪.০০১.০৪.০১১.২০২২- ৯১৫ তারিখ: ১৭ ফেব্রুয়ারি ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩
০২। জেলা প্রশাসক, হবিগঞ্জ
০৩। পুলিশ সুপার, হবিগঞ্জ
০৪। অধিনায়ক, র‍্যাব, হবিগঞ্জ
০৫। চেয়ারম্যান,উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৬। নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিনিয়র জেনারেল ম্যানেজার, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৮। সহকারী কমিশনার(ভূমি), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৯। অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা, হবিগঞ্জ
১০। জনাব .... সদস্য(সকল),উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
১১। ....

17.02.2022

বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ